গাংনীতে বিএনপির আলোচনা সভা

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আলেঅচনা সভা ও দোয়া মাহফিল করেছে মেহেরপুরের গাংনী উপজেলা ও পৌর বিএনপি।

আজ সোমবার সকালে বিএনপি কার্যালয়ে গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি জুলফিকার আলী ভুট্টো ও গাংনী উপজেলা বিএনপির সভাপতি আছাদুজ্জামান বাবলু। পরে জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।

মেহেরপুরে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী পালিত

সাবেক রাষ্ট্রপতি ও সেনা প্রধান জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪১ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে মেহেরপুর জেলা বিএনপি’র আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকালে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন মোল্লা, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, জেলা মুক্তিযোদ্ধা দলের সভাপতি রায়হানুল কবির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক

আজমল হোসেন মিন্টু, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুননেসা নয়ন প্রমুখ।

পৌর বিএনপি‘র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় এছাড়াও সাইফুল ইসলাম, মোঃ আমিরুল ইসলাম, রুপালি, বেদানা, ফাহিমা সহ জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা আলোচনা সভায় অংশগ্রহণ করে।

আলোচনার পরে, ৩ দিন আগে মৃত্যু বরণ করা বিএনপির জাতীয় নির্বাহী কমিটির পল্লী উন্নয়ন বিষয়ক সম্পাদক ও সাবেক পানি সম্পদ প্রতিমন্ত্রী অ্যাড. গৌতম চক্রবর্তীর জন্য দোয়া কামনা করে ১ মিনিট নিরবতা পালন করা হয়।

উল্লেখ্য, ১৯৮১ সালের ৩০ মে এক ব্যর্থ সামরিক অভ্যুত্থানে চট্টগ্রাম সার্কিট হাউসে বাংলাদেশী জাতীয়তাবাদের প্রবক্তা জিয়াউর রহমান নির্মমভাবে নিহত হন।

সভাপতি এড এম এ মজিদ, সম্পাদক জাহিদুজ্জামান মনা

ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি নির্বাচিত হয়েছেন সাবেক ছাত্রনেতা এড এম এ মজিদ। এর আগে তিনি জেলা বিএনপির আহবায়ক কমিটির সদস্য সচিব ছিলেন। এছাড়া সাধারণ সম্পাদক পদে জাহিদুজ্জামান মনা ও সাংগঠনিক সম্পাদক পদে সাজেদুর রহমান পপ্পু নির্বাচিত হয়েছেন।

শনিবার বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ কেন্দ্রীয় নেত্রবৃন্দের উপস্থিতিতে গোপন ব্যালটের মাধ্যমে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। শনিবার সন্ধ্যার দিকে ভোট গননা শেষে কেন্দ্রীয় নেতৃবৃন্দ নবনির্বাচিত সভাপতি, সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদকের নাম ঘোষনা করেন।

ঝিনাইদহ সদর উপজেলার ডাকবাংলা আব্দুর রউফ কলেজ মাঠে বিএনপির এই কাউন্সিল অনুষ্ঠিত হয়। কাউন্সিলে ১০১০ জন ভোটারের মধ্যে ৯২৮ জন

তাদের ভোটাধীকার প্রয়োগ করেন। সভাপতি পদে আর কেউ প্রতিদ্বন্দিতা না করায় সাবেক ছাত্রনেতা এড এম এ মজিদ বিনা প্রতিদ্বন্দিতায় ঝিনাইদহ জেলা বিএনপির নতুন সভাপতি নির্বাচিত হন।

এছাড়া গোপন ব্যালটের মাধ্যমে সাধারণ সম্পাদক হিসেবে যুবদলের সাবেক সভাপতি জাহিদুজ্জামান মনা ও সাংগঠনিক সম্পাদক পদে সেচ্ছাসেবকদলের জেলা আহবায়ক সাজেদুর রহমান পপ্পু নির্বাচিত হন।

জেলা সাধারণ সম্পাদক পদে সাবেক ছাত্র নেতা এড আব্দুল আলীম ও ঝিনাইদহ পৌর বিএনপির সাবেক সভাপতি আব্দুল মজিদ বিশ্বাস প্রতিদ্বন্দিতা করেন। অন্যদিকে সাংগঠনিক সম্পাদক পদে সরকারী কেসি কলেজের সাবেক দুই জিএস সাজেদুর রহমান পপ্পু ও শাহাজাহান আলী প্রতিদ্বন্দিতা করেন।

দেশে আ’লীগের অধীনে আর কোন নির্বাচন হতে দেওয়া হবে না

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, আওয়ামী লীগের অধীনে এ দেশে আর কোন নির্বাচন হবে না, হতে দেওয়াও হবে না। এই ভোট ডাকাত ও মাফিয়া সরকারকে হটিয়ে নিরপেক্ষ সরকার কায়েম করা হবে। আর নির্দলীয় নিরপেক্ষ সরকারের অধীন গঠিত নিরপেক্ষ নির্বাচন কমিশনের অধীন নির্বাচন হবে।

তিনি বলেন, এ সরকার ক্ষমতায় আসার আগে বলেছিল ঘরে ঘরে চাকরি দিবে, বিনা পয়সায় সার দিবে, আর দশ টাকা কেজি চাল খাওয়াবে। টাকা ছাড়া ঘরে ঘরে কেও চাকরী পায়নি। তাও আ’লীগ না করলে কারো চাকরী হয়নি। দেশের মানুষ সর্বোচ্চ মুল্য দিয়ে এখন চাল কিনে খাচ্ছেন। কোন কৃষক সারও বিনা পয়সায় পয়নি। এ সরকার প্রতারণা ও ভাউতাবাজীর সরকার।

মির্জা ফখরুল ইসলাম শনিবার ঝিনাইদহ জেলা বিএনপির সম্মেলন ও কাউন্সিল উপলক্ষ্যে সদর উপজেলার ডাকবাংলা আব্দুর রউফ কলেজ মাঠে আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সম্মেলন

চলাকালে দলের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন দেশনায়ক তারেক রহমান লন্ডন থেকে দুপুর ১২.৩০ টায় ভার্চুয়ালি সংযুক্ত হন।

জেলা বিএনপির আহবায়ক এড এস এম মশিয়ূর রহমানের সভাপতিত্বে ও সদস্য সচিব এড এম এ মজিদের পরিচালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বিএনপির চেয়ারপার্সনের উপদেষ্টা সাবেক এমপি মসিউর রহমান, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত, কেন্দ্রীয় মানবাধিকার বিষয়ক সম্পাদক আসাদুজ্জামান, কেন্দ্রীয় সহ সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, কেন্দ্রীয় সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল, ঝিনাইদহ জেলা বিএনপির জেলা যুগ্ম আহবায়ক আব্দুল মালেক, জেলা যুগ্ম আহবায়ক আক্তারুজ্জামান, নির্বাহী সদস্য আব্দুল ওহাব, নির্বাহী সদস্য মীর রবিউল ইসলাম লাবলু, সদর উপজেলা সভাপতি এড মুন্সি কামাল আজাদ পান্নু, মহেশপুর, পৌর সভাপতি আমিরুল ইসলাম চন্নু, মহেশপুর উপজেলা সভাপতি মেহেদী হাসান রনি, শৈলকূপা পৌর সভাপতি আবু তালেব, উপজেলা সভাপতি আবুল হোসেন, কোটচাঁদপুর পৌর সভাপতি সালাউদ্দিন বুলবুল সিডল, উপজেলা সভাপতি আব্দুর রাজ্জাক, হরিণাকুন্ডু পৌর সভাপতি জিন্নাতুল হক খাঁন ও উপজেলা সভাপতি আবুল হোসেন মাস্টার প্রমুখ।

মির্জা ফখরুল ইসলাম আলমগীর আরো বলেন, আওয়ামীলীগ এ দেশে মাফিয়াতন্ত্র কায়েম করে মাফিয়া রাষ্ট্রে পরিণত করেছে। ভোট ডাকাতির মাধ্যমে ক্ষমতায় এসে রাষ্ট্রিয় সম্পদ লুটপাট করেছে। তাই সীমাহীন লুটপাট ও চুরির কারণে তারা মাথা নিচু করে থাকে। তিনি বলেন এ সরকারের চোরদের তাই মাথা নিচু করেই ক্ষমতা ছাড়তে হবে। তারপরও তাদের রেহাই নেই। ভোট ডাকাতি, গনতন্ত্র হত্যা, বিপন্ন মানবাধিকার, মানুষ হত্যা, খুন ও গুমের কারণে তাদের বিচারের মুখোমুখি হতে হবে।

বিএনপি মহাসচিব বলেন, চরম দুঃশাসনে দেশবাসি যখন দিশেহারা তখন আলোকবর্তিকা হয়ে আমাদের মাঝে মুক্তির ঝান্ডা নিয়ে এসেছেন তারেক রহমান। তার নেতৃত্বে এই ফ্যাসিষ্ট সরকারের পতন ঘটিয়ে সত্যিকার জনগনের প্রতিনিধিত্বমুলক সরকার কায়েম করা হবে। মিজা ফখরুল অভিযোগ করে বলেন, এ সরকার নির্বাচতি সরকার নয়। এরা আধিপত্যবাদ শক্তিকে কাজে লাগিয়ে ক্ষমতা দখল করেছে। তারা গনতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো ধ্বংস করেছে। ভোট ও কথা বলার অধিকার কেড়ে নিয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের চলমান আন্দোলন নিয়ে মির্জা ফখরুল ইসলাম বলেন, ছাত্রলীগরে অস্ত্রধারী গুন্ডারা ছাত্রদলের ছেলেদের উপর ঝাপিয়ে পড়েই ক্ষ্যান্ত হয়নি, তারা নারীদের নির্যাতন করেছে। অনেক নারী আইসিউতে চিকিৎসাধীন। তারদের উপর বর্বরোচিত হামলা চালিয়ে ছাত্রলীগ তাদের ফ্যাসিষ্ট রুপ আবোরা প্রকাশ করেছে।

তিনি বলেন সন্ত্রাস ও পুলিশকে কাজে লাগিয়ে এই ভোট ডাকাতির সরকার খুলনা ও পটুয়াখালীতে বিএনপির উপর হামলা করেছে।

বিএনপি মহাসচিব আগত নেতাকর্মী ও ডেটিগেটদের আশ্বস্ত করে বলেন, আওয়ামীলীগ আর পারবে না। এবার জনগন জেগে উঠেছে। জনতার উত্তাল ক্ষোভ শক্তিতে পরিণত হয়েছে। দেশ নায়ক তারেক রহমানের নেতৃত্বে নেতাকর্মী ও দেশের মানুষ এখন উজ্জীবিত। তিনি বলেন, স্বাধীনতা ও সার্বভৌমত্বের যে মুক্তির পতাকা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান উত্তোলন করেছিলেন, তা এখন তারেক রহমানের হাতে।

বিএনপি চেয়ারপার্সনের উপদেষ্টা সাবেক হুইপ মসিউর রহমান বলেন, এই ফ্যাসিষ্ট সরকারের দুঃশাসন থেকে মুক্তি পেতে হলে রক্ত দিতে হবে। ত্যাগ না করলে মুক্তি নেই। তিনি বলেন, বৃদ্ধ বয়সে আমার নামে ২৮টি গয়েবী মামলা। ১০ বছরের জেল নিয়ে আমি রাজনীতি করছি। জানি না এটাই আপনাদের সঙ্গে শেষ দেখা কিনা। তিনি বলেন, আমার মৃত্যুর খবর পেলে অন্তত সবাই দেখতে আসবেন।

বিএনপির ভাইস চেয়ারম্যান অধ্যাপক জাহিদ হোসেন বলেন, বিএনপি গনতান্ত্রিক দল। তাই এই দলের নেতা নির্বাচতি হচ্ছে গোপন ব্যালটের মাধ্যমে। তিনি বলেন, এ সরকার ১০ হাজার কোটি টাকার পদ্মা সেতু ৩০ হাজার কোটি টাকা করে বিদেশে টাকা পাচার করেছে। মেগা প্রকল্প মানেই মেগা দুর্নীতি। তিনি বলেন, ঝিনাইদহের মানুষ রক্ষিবাহিনীর অত্যাচার নির্যাতন সহ্য করেছে। তাই এই জেলার নেতাকর্মীদের যতক্ষন শ্বাস আছে, ততক্ষন স্বৈরাচার সরকারের বিরুদ্ধে আন্দোলন চালিয়ে যাবে। তিনি বলেন, বিপন্ন বাংলাদেশকে জাগিয়ে তুলতে আমাদের পাশে আছেন জননায়ক তারেক রহমান। কাজেই আমাদের ভয় নাই।

বিএনপির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত বলেন, গনতন্ত্র আসলে কি তা ঝিনাইদহের কাউন্সিল হওয়ার পর শেখ হাসিনা ও তার আজ্ঞাবহ নির্বাচন কমিশন শিক্ষা নিতে পারে। তিনি বলেন, এ সরকারের মুখে গনতন্ত্রের ছবক মানায় না। তারা বিশ্ব ভোটচোর

হিসেবে স্বীকৃতি পেয়েছে। অমিত আরো বলেন, অবিচার যখন আইন হয়, তখন প্রতিরোধ কর্তব্য হয়ে দাড়াই।

কাউন্সিলে দলের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন দেশনায়ক তারেক রহমান ভার্চুয়ালি সংযুক্ত থাকাবস্থায় পুলিশের গুলিতে নিহত মহেশপুর উপজেলার দারিয়াপুর গ্রামের বিএনপি কর্মী ইন্তাজুলের মেয়ে সুমাইয়া খাতুন, নিহত পলাশের পিতা আরাপপুরের গোলাম মোস্তফা ও শহরের কলাবাগান পাড়ার যুবদল নেতা মির্জার মা তারেক রহমানের দেওয়া আর্থিক সহায়তা গ্রহন করেন। বিএনপি কর্মী ইন্তাজুলের মেয়ে সুমাইয়া খাতুন ও পলাশের পিতা গোলাম মোস্তফা অনুষ্ঠানে বক্তব্য দিয়ে বলেন, কি দোষ ছিল তাদের। দোষ একটাই তারা বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার দল করতেন।

শনিবার বিকালে ডাকবাংলা আব্দুর রউফ কলেজ অডিটোরিয়ামে গোপন ব্যালটের মাধ্যমে ঝিনাইদহ জেলা বিএনপির কমিটি গঠন প্রক্রিয়া চলছিল।

ঢাবিতে ছাত্রদলের উপর হামলার প্রতিবাদে জেলা ছাত্রদলের বিক্ষোভ মিছিল

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে হত্যার হুমকি, কুরুচিপূর্ণ মন্তব্য ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) ছাত্রদল নেতাকর্মীদের ওপর হামলার অভিযোগে প্রতিবাদ জানিয়ে কেন্দ্রীয় ঘোষিত বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা তৃণমূল ছাত্রদল।

শনিবার বিকেলে মেহেরপুর শহরের বড় বাজার এলাকা থেকে মিছিলটি শুরু করেন সংগঠনটির নেতাকর্মীরা। মিছিলটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে মেহেরপুর পৌরসভা চত্বরে গিয়ে শেষ হয়।

সমাবেশে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির নেতৃত্বে মিছিলে, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক ফরিদুল ইসলাম মিন্টু, পৌর

ছাত্রদলের নেতা ফুর্তি হাসান, মোঃ সোহাগ আলী, মেহেরপুর সদর উপজেলা ছাত্রদল নেতা নয়ন, মুজিবনগর উপজেলা ছাত্রদল নেতা মোঃ ইয়াসিন, বাসেম সহ মেহেরপুর সরকারী কলেজ ও সংগঠনটির অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পরে সমাবেশে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি বক্তব্য রাখেন।

মেহেরপুর পৌরসভায় আওয়ামীলীগ প্রার্থীর নৌকা ও স্বতন্ত্র প্রার্থীর নারিকেল গাছ প্রতীক বরাদ্দ

মেহেরপুর পৌরসভা নির্বাচনে আওয়ামীলীগের মনোনীত মেয়র প্রার্থী মাহফুজুর রহমান রিটন নৌকা প্রতীক এবং স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাছিম বিল্লাহ মতু’র নারিকেল গাছ প্রতিক পেয়েছেন।
মেহেরপুর পৌরসভা, সদর উপজেলার আমঝুপি, পিরোজপুর, নবগঠিত বারাদী ও শ্যামপুর ইউনিয়নের নির্বাচনের প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করা হয়েছে।
আজ শুক্রবার (২৭ মে) সকাল ১১ টার সময় মেহেরপুর নির্বাচন অফিস থেকে রিটার্নিং অফিসার পৌরসভার মেয়র,কাউন্সিলর, ইউপি চেয়ারম্যান, সাধারণ সদস্য(মেম্বর) ও সংরক্ষিত নারী সদস্যদের মাঝে প্রতীক বরাদ্দ দেন।
আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভাসহ ৪ টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।
মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনাচ এ তথ্য নিশ্চিত করেছেন।

শ্যামপুর ইউনিয়নের আওয়ামীলীগ প্রার্থীর প্রার্থীতা প্রত্যাহারের আবেদন

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী আব্দুর রব বিশ্বাস প্রার্থীতা প্রত্যাহারের জন্য আবেদন করেছেন।
আজ বৃহস্পতিবার (২৬ মে) সকাল ১০ টার দিকে সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনের সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজের কাছে মনোনয়নপত্র উত্তোলনের জন্য আবেদন করেন তিনি।
সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজ এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, নবগঠিত শ্যামপুর ইউনিয়নের মনোয়নপত্র প্রত্যাহারের দিন আজকে। আব্দুর রব বিশ্বাস সকাল ১০ টার দিকে তার প্রার্থীতা প্রত্যাহারের আবেদন করেছেন। বিকাল ৫ টার পর এটি ঘোষণা করা হবে। প্রসঙ্গত, আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভাসহ চারটি ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে। নবগঠিত এই শ্যামপুর ইউনিয়নে আব্দুর রব বিশ্বাসসহ মোট ৮ জন প্রার্থী চেয়ারম্যান পদে মনোনয়নপত্র জমা দেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে পৌর নির্বাচনের স্টিয়ারিং কমিটি গঠণ

আগামী ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচনের পরিচালনার লক্ষ্যে জেলা আওয়ামী লীগের প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৪ মে) সন্ধ্যা ৭ টার সময় মেহেরপুর শিল্পকলা একাডেমী মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির (ভার্চ্যুয়াল)

সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন জেলার নেতৃবৃন্দ। প্রস্তুতি সভায় মেহেরপুর জেলা আওয়ামীলীগের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির দিক নির্দেশনায় ১৫ জুন অনুষ্ঠিতব্য মেহেরপুর পৌর নির্বাচনে দলীয় প্রার্থী বর্তমান মেয়র মাহফুজুর রহমান রিটনের নির্বাচনে নৌকার বিজয় নিশ্চিত করার জন্য স্টিয়ারিং কমিটি গঠিত হয়।
মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলীকে আহবায়ক করে ১৩ সদস্য বিশিষ্ট স্টিয়ারিং কমিটি গঠণ করা হয়েছে। কমিটির অন্যান্য সদস্যরা হলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, সহসভাপতি আব্দুল মান্নান, জাতীয় পরিষদের সদস্য ও সাবেক এমপি জয়নাল আবেদীন, প্রফেসর আব্দুল মান্নান,জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, জেলা জ্বজকোর্টের পিপি পল্লভ ভট্টাচার্য, অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন,অধ্যাপক হাসানুজ্জামান মালেক, সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ইকবল হোসেন বুলবুল, সাধারণ সম্পাদক ইমতিয়াজ হক জুয়েল ও জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম।
মেহেরপুর পৌরসভা নির্বাচনের জেলা আওয়ামী লীগের স্টিয়ারিং কমিটির আহবায়ক অ্যাডভোকেট মিয়াজান আলী জানান, মেহেরপুর পৌর নির্বাচনকে সামনে রেখে জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের দিক নির্দেশনায় জেলা কমিটির বর্তমান ও সাবেক নেতৃবৃন্দকে নিয়েই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া জেলা আওয়ামী লীগের পক্ষ থেকে ১৩ সদস্য বিশিষ্ট নির্বাচনী স্টিয়ারিং কমিটি গঠিত হয়। নির্বাচনকে ঘীরে দলীয় প্রার্থীর বিজয় নিশ্চিত করতে আগামীতে পৌর নির্বাচন পরিচালনা কমিটি গঠিত হবে। পৌর নির্বাচনী পরিচালনা কমিটিকেই আজকে গঠিত এই আহবায়ক কমিটির সদস্যরা সকল ধরনের সহযোগীতা করবেন।

মুজিবনগর ডিগ্রী কলেজ

ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদকসহ ২জনকে কুপিয়ে জখম

কলেজে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আশিকুজ্জামান ও অপর ছাত্রলীগ নেতা রোমানুজ্জামানকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করেছে প্রতিপক্ষরা।
আজ সোমবার (২৩ মে) বেলা দেড়টার দিকে দারিয়াপুরে কলেজ চত্ত্¦রে এ ঘটনা ঘটে।
আহত আশিকুজ্জামান মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের আবু বক্কর সিদ্দীকের ছেলে। এছাড়া রোমানুজ্জামান একই গ্রামের রবিউল ইসলামের ছেলে। তারা দুজনেই মুজিবনগর ডিগ্রী কলেজের ডিগ্রী তৃতীয় বর্ষের ছাত্র।
আহতরা বর্তমানে মেহেরপুর সরকারী কলেজে চিকিৎসাধীন রয়েছেন।
আহত আশিকুজ্জামান জানান, দারিয়ারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহবুব আলম রবি’র পুত্র ফয়সাল হোসেন নাফিস ও বহিরাগত হৃদয়ের নেতৃত্বে তার সহযোগীরা ধারালো অস্ত্র দিয়ে কুপিয়েছে।
তবে চেয়ারম্যান মাহবুব আলম রবি জানান, মুজিবনগর সরকারী ডিগ্রী কলেজে আধিপত্য বিস্তার নিয়ে দারিয়াপুর গ্রামের ও আশরাফপুর গ্রামের ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। আমার ছেলেকে তারা এর সাথে জড়িয়ে নোংরা রাজনীতি করতে চাচ্ছে।
তিনি আরও বলেন, আমার ছেলেকে আশিকুজ্জামান তার সঙ্গে রাজনীতি করার জন্য প্রস্তাব দিয়েছিলো। সে রাজি না হওয়ায় আমার ছেলেকে এর সাথে জড়াতে চাইছে তারা।
মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল বলেন, এ ধরণের ঘটনা শুনিনি। তবে খোঁজ নিয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভাতিজাকে নির্বাচনী মাঠ ছেড়ে

দিলেন চাচা

সম্পর্কে চাচা ভাস্তে। তাই এবার ভাস্তেকে নির্বাচনী মাঠ ছেড়ে দিলাম। আজ রবিবার (২২ মে) দুপুরে আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য (মেম্বর) মনোনয়নপত্র প্রত্যাহার করতে এসে বললেন চাচা ইকরামুল হক।
আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থী ছিলেন ইকরামুল হক ও মামাত ভাইয়ের ছেলে ওয়াহেদুজ্জামান।
আত্মীয়র মধ্যে দুজন প্রার্থী হওয়ায় সবাই অনুরোধ করেছে বসে যাওয়ার জন্য। তাই ভাস্তে ওয়াহেদুজ্জামানকে ভোট করার জন্য ছেড়ে দিতেই মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছেন তিনি।
উল্লেখ্য, আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে মোট ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। এরা হলেন, ওয়াহেদুজ্জামান, শাকিরুল ইসলাম, মোহাম্মদ আব্দুল্লাহ, জাব্বারুল ইসলাম, তারিকুল ইসলাম, শাহ আলম, মাসুদ রানা ও আব্দুল বারী ও ইকরামুল হক। ইকরামুল হক মনোনয়নপত্র প্রত্যাহার করে নেওয়ায় ৮ জন প্রার্থী নির্বাচনী যুদ্ধে থাকলেন।
উল্লেখ্য, নির্বাচনে প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন আগামী ২৫ মে। এছাড়া আমঝুপিসহ জেলার ৪ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন আগামী ১৫ জন অনুষ্ঠিত হবে।
আমঝুপি ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজ এ তথ্য নিশ্চিত করেছেন।